গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-২ শাখা]
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০২১.০৪.১১৭.১৮- ৫২৯৩

তারিখ : ১৫ আশ্বিন ১৪২৫
৩০ সেপ্টেম্বর ২০১৮

বিষয় : রিট পিটিশন নং- ৯০২৪/২০১৮ [পিটিশনার সারডা সোসাইটি, চেয়ারম্যান, জনাব আরিফুর রহমান মুরাদ ভূঁইয়া, ধূমপান বিরোধী চত্বর, নবীয়াবাদ, রায়পুরা, নরসিংদী] এর দফাওয়ারী জবাব প্রেরণ সংক্রান্ত।

সূত্র : সহকারী রেজিস্ট্রার কর্তৃক ৩০/০৮/২০১৮ তারিখে প্রেরিত হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৯০২৪/২০১৮ এর ১৮/০৮/২০১৮ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলাধীন মরজাল ও বারৈচাসহ বাংলাদেশের সকল বাসস্ট্যান্ড এবং রায়পুরা'র শ্রীরামপুর ও তুলাতুলিসহ সরকারি ইজারাকৃত দেশের সকল বাজারে তথা পাবলিক প্লেসে জেলা পরিষদের তত্ত্বাবধানে "পাবলিক টয়লেট" স্থাপন করার বিষয়ে জনাব আরিফুর রহমান মুরাদ ভূঁইয়া পিটিশনার হয়ে হাইকোর্ট বিভাগে ৯০২৪/২০১৮নং রিট পিটিশন দায়ের করেন। বিজ্ঞ আদালত শোকজ প্রদানপূর্বক জবাব প্রদানের জন্য এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষ হিসেবে নোটিশ প্রদান করেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকার পক্ষে ইংরেজীতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যক।

২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণকরতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ উক্ত মামলার আরজির দফাওয়ারী জবাব ইংরেজীতে (Statement of Facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও প্রাসঙ্গিক কাগজপত্র সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত: রুলের কপি-১(এক) ফর্দ।

৩০/৯/১৮

(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব
ফোন: ৯৫৪০১৯৭
ই-মেইল: dslaw2.lgd.gov@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নরসিংদী।

সদয় অবগতি /কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;
২. যুগ্মসচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ;
৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৫. অফিস কপি/মাষ্টার কপি।